**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর**
**১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা**
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এপ্রিল ২০১৭ মাসে অনুষ্ঠিত ৯ম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম লস্কর
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ২৩ এপ্রিল ২০১৭
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা' দৃঢ়ীকরণ করা হয়। উল্লেখ্য, গত ১৫ মার্চ ২০১৭ বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালনের কারণে অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার আয়োজন করা সম্ভব হয় নি। অতঃপর কার্যতালিকা অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ |
| ০১ | অধিদপ্তরের (২০১৬-১৭) অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন অগ্রগতি। | (ক) চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজার অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় মনিটরিং অব্যাহত রাখার তাগিদ প্রদান করা হয়।<br>(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১২টি গনশুনানী অনুষ্ঠানের তাগিদ রয়েছে। এ পর্যন্ত ২১টি অনুষ্ঠিত হয়েছে। চলতি অর্থ বছরে ৯৫% অভিযোগ নিষ্পত্তি করার তাগিদ রয়েছে। এর মধ্যে এ পর্যন্ত প্রাপ্ত অভিযোগের ৯৫% নিষ্পত্তি করা হয়েছে।<br>(গ) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের বাজার অভিযান, গণশুনানী, মতবিনিময় সভা এবং অভিযোগ নিষ্পত্তির পরিসংখ্যান প্রধান কার্যালয় বরাবর প্রেরণ। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) প্রমাপ অনুযায়ী বাজার অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>(গ) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের বাজার অভিযান, গণশুনানী, মতবিনিময় সভা এবং অভিযোগ নিষ্পত্তির সঠিক পরিসংখ্যান নিয়মিত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার ) এবং বিভাগীয় উপপরিচালক (সকল) |
| ০২ | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)। | অত্র অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে অধিদপ্তরের (২০১৬-২০১৭) অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের ১ম ও ২য় ত্রৈমাসিক অর্জন সংক্রান্ত প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে | জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কাঠামো নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার লক্ষে | প্রশাসন শাখা ও NIS কমিটি এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রধান কার্যালয়ের ১৭ নভেম্বর ২০১৬ তারিখ ও ০২ জানুয়ারি ২০১৭ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক অত্র অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে (২০১৬-২০১৭) অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা এবং বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল) |
| ০৩ | নিজস্ব উদ্ভাবনী ধারণা (Innovation)। | (ক) ইতোমধ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২৩ অক্টোবর ২০১৬ তারিখের ২৬.০৪.০০০০. ১০৮.০৫.১৮৭.১৬. নম্বর স্মারকের মাধ্যমে অধিদপ্তরের ০৩টি নিজস্ব উদ্ভাবনী ধারণা বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে এবং ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য পত্র দেয়া হলে ইতিমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক নতুন উদ্ভাবনী উদ্যোগ পাওয়া গিয়েছে। | সেবা প্রদান দ্রুত এবং নির্বিঘ্ন করার লক্ষ্যে নতুন উদ্ভাবনী প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | অধিদপ্তরের সকল কর্মকর্তা |
| ০৪ | অডিট আপত্তি | সকল অডিট আপত্তি ইতোমধ্যে নিস্পত্তি করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ক্রয় কমিটির সাথে সম্পৃক্ত নয় এমন ০৩ জন কর্মকর্তার সমন্বয়ে একটি অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করে প্রতিবেদন দাখিল করবেন। | বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ০৩ জন কর্মকর্তার সমন্বয়ে একটি অভ্যন্তরীণ অডিট কমিটি গঠণ করা হয়। উক্ত কমিটি অতিসত্বর অভ্যন্তরীণ অডিট পরিচালনা করে প্রতিবেদন দাখিল করবেন। | উপপরিচালক (প্রপ্র ) |
| ০৫ | দাপ্তরিক ই-মেইল ব্যবহারে কর্মকর্তাগণকে উৎসাহিতকরণ | অধিদপ্তরের ওয়েবসাইটের ডোমেইন এর আওতায় দপ্তরিক মোট ৮৬টি ই-মেইল আইডি ইস্যু করা হয়েছে এবং ই-মেইলের মাধ্যমে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে। | কর্মকর্তাগণকে তাঁদের পদবীর বিপরীতে ইস্যুকৃত ই-মেইলসমূহ দাপ্তরিক কাজে ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা |
| ০৬ | অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ। | অধিদপ্তরের ওয়েবসাইট দৈনিক ভিত্তিতে হালনাগাদ করা হয়। | অধিদপ্তরের ওয়েবসাইট দৈনিক ভিত্তিতে হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রশাসন শাখা এবং কার্যক্রম ও গবেষণাগার শাখা |
| ০৭ | অধিদপ্তরের শাখা পরিদর্শন। | ইতোমধ্যে অত্র অধিদপ্তরের প্রশাসন, পরিষদ ও অর্থ, কার্যক্রম, তদন্ত শাখাসমূহ সহকারি পরিচালকগণ কর্তৃক পরিদর্শন করা হয়েছে ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) পরিষদ ও অর্থ শাখা এবং উপপরিচালক (কার্যক্রম) কার্যক্রম শাখা পরিদর্শন করে ইতোমধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন অর্থ্যাৎ কর্মকর্তাগণ মহাপরিচালক বরাবর পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) এবং অধিদপ্তরে কর্মরত সকল সহকারী পরিচালক শীঘ্রই তাঁদের স্ব স্ব শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) এবং অধিদপ্তরে কর্মরত সকল সহকারী পরিচালক শীঘ্রই তাঁদের স্ব স্ব শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) এবং সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয় |
| ০৮ | চলমান মামলাসমূহ নিষ্পত্তিকরণসহ স্পর্শকাতর মামলা মনিটর। | বর্তমানে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সংক্রান্ত ২৫ টি রীট পিটিশন রয়েছে এবং ২৩টি রীট পিটিশনের দফাওয়ারী জবাব (এসএফ) বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ সলিসিটর উইং এ প্রেরণ করা হয়েছে এবং রীট পিটিশন নম্বর: ১২/২০১৭ এবং ২৬১৮/২০১৭ | রীট পিটিশন নম্বর: ১২/২০১৭ এবং ২৬১৮/২০১৭ এর দফাওয়ারী জবাব দ্রুত প্রস্তুত করে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং কজলিস্টের | পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দফাওয়ারী জবাব প্রস্তুতকরণ চলমান রয়েছে।<br><br>১৩৪৭৪/২০১২ এবং ৭৬৬৮/২০১৩ রীট পিটিশন দুটি স্পর্শকাতর হওয়ায় মামলা দুটির বিষয়ে অধিকতর তৎপর হওয়া জরুরী। মামলা দুটি কজলিস্টে আনায়নের বিষয়ে তদারকি করতে হবে। | আনায়নের বিষয়ে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা তৎপর হবেন। ১৩৪৭৪/২০১২ এবং ৭৬৬৮/২০১৩ রীট পিটিশন দুটি স্পর্শকাতর হওয়ায় মামলা দুটির বিষয়ে অধিকতর তৎপর হওয়া জরুরী। মামলা দুটি কজলিস্টে আনায়নের বিষয়ে তদারকি করা হবে। | |
| ০৯ | ই-ফাইলিং | অধিদপ্তরের ই-ফাইলিং কার্যক্রম ০৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ প্রশাসন, অর্থ ও পরিষদ শাখায় লাইভ প্রাথমিকভাবে শুরু করা হয়েছে। বর্তমানে সীমিত পরিসরে বর্ণিত কার্যক্রম চলমান। | অধিদপ্তরের অন্যান্য শাখায় ই-ফাইলিং কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং ঢাকা বিভাগীয় কার্যালয়কে ই-ফাইলিং কার্যক্রম শুরু করার উদ্যোগ গ্রহণ করার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক (সকল) এবং উপপরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয়। |
| ১০ | জনবল কাঠামো ও নিয়োগ বিধি সংশোধন। | বাণিজ্য মন্ত্রণালয় হতে ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের সভার কার্যবিবরণী পাওয়া গেছে। | জরুরী ভিত্তিতে প্রাপ্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ শফিকুল ইসলাম লস্কর)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

নং- ২৬.০৪.০০০০.১০৮.০৬.১৯৬.১৭.৩৩২ /১(২৪) তারিখ: ২৬ এপ্রিল ২০১৭

সদয় জ্ঞাতার্থে/কার্যাথে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
২। জনাব সৈয়দ আহাম্মদ ছাপা, উপসচিব (সংযুক্ত), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৩। উপ পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ......................বিভাগীয় কার্যালয়,......................।
৪। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপ-সচিব, শাখা-৫, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৮। পরীক্ষক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৯। অফিস কপি।

২৬/০৪/২০১৭

(মোহাম্মদ মামুনুল হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৮১৮৯৪১০
ই-মেইলঃ ad-admin@dncrp.gov.bd